গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অক্টোবর/২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৪-১১-২০২২
সভার সময়	বিকাল-০৩.০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ৩০-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পেট্রোবাংলার প্রতিনিধি বলেন যে, তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির প্রমাণক হিসেবে গাইডলাইন অনুযায়ী একটি রেজিস্টার সংরক্ষণের জন্য গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে রেজিস্টারে কী কী কলাম অন্তর্ভুক্ত হবে সে বিষয়ে নির্দেশনা প্রয়োজন। এ প্রসঙ্গে যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন যে, এ সংক্রান্ত কোন ইউনিফাইড ছক নেই। তবে এ বিভাগ কর্তৃক তৈরিকৃত রেজিস্টারে ৬টি কলাম (ক্রমিক, আবেদনের তারিখ, আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদনের বিষয়, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন প্রাপ্তির তারিখ, আবেদন নিষ্পত্তির তারিখ) অন্তর্ভুক্ত করা হয়েছে। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, অক্টোবর/২০২২ পর্যন্ত উৎপাদিত গ্যাস (আইওসি) ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোম্পানি) এর উৎপাদন যথাক্রমে ১৭৭.০৭১ বিসিএফ ও ১০৩.৮৪০ বিসিএফ। এ দুটি সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই।

২.২। সভায় জানানো হয় যে, তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের লক্ষ্যমাত্রা ৪টির বিপরীতে অক্টোবর/২২ পর্যন্ত ২টি সম্পন্ন হয়েছে। অপর একটি কূপ বিয়ানীবাজার-১ খনন প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। কৈলাশটিলা-২ ও বিবিয়ানা-২৭ উন্নয়ন কূপ খননের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। যুগ্মসচিব (প্রশাসন-২) জানান যে, যেহেতু কৈলাশটিলা-২ উন্নয়ন কূপ খননের কার্যক্রম এখনো শুরু করা হয়নি সেহেতু ৩০ জুন ২০২২ এর মধ্যে এটি সম্পন্ন করা চ্যালেঞ্জিং হবে। সভাপতি অতি দ্রুততম সময়ে কৈলাশটিলা-২ কূপ খনন কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, বিবিয়ানা গ্যাস ফিল্ডে Turbo Expander কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এর ফলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদন সম্ভব হবে। আরপিজিসিএল এর প্রতিনিধি জানান যে, দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় ৩.৪৪ লক্ষ মেট্রিক টন এলএনজি আমদানি করা হবে। এ প্রেক্ষিতে এলএনজি আমদানির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, ২-ডি সিসমিক জরিপ কার্যক্রম শীঘ্রই শুরু হবে। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল বলেন যে, ৩-ডি সিসমিক জরিপের জন্য বনবিভাগের অনুমোদন প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এছাড়া, স্থানীয় প্রশাসনের সহযোগিতার বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে জননিরাপত্তা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ বিভাগের উপসচিব (উন্নয়ন-৩) বলেন যে, জননিরাপত্তা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে কথা হয়েছে। শীঘ্রই এ বিষয়ে জবাব প্রেরণ করা হবে মর্মে অবহিত করা হয়েছে। সভাপতি ৩-ডি সিসমিক জরিপ দ্রুত শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খননের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩০ জুন ২০২২ এর মধ্যে কূপটি খনন সম্পন্ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খননের সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল বলেন যে, মধ্যপাড়া পাথর খনিতে গত মাসের ১৩ তারিখ হতে উৎপাদন শুরু হয়েছে। অক্টোবর/২২ পর্যন্ত কঠিন শিলা বিপণনের হার পর্যালোচনায় সভায় সূচকটি অধিকতর চ্যালেঞ্জিং পরিলক্ষিত হয়েছে। তাই সূচকটি বাস্তবায়নে বিশেষ উদ্যোগ ও ক্লোজ মনিটরিং করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক, এমপিএল জানান যে, ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি আগামী সভার পূর্বে এ কার্যক্রমের কতটুকু অগ্রগতি হয়েছে তার তথ্য প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল বলেন যে, ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭টি কম্প্রেসর ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। মেকানিক্যাল ও আনুসঙ্গিক কার্যক্রম চলমান আছে। আগামী মার্চ/২০২২ মাসের মধ্যে এগুলো চালু করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি আগামী সভায় এ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আকারে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সভায় [২.১.১] ২ডি সিসমিক জরিপ, [২.১.২] ৩ডি সিসমিক জরিপ, [২.৩.১] ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, [২.৪.১] বিপণনকৃত কঠিন শিলা ও [৩.৪.১] ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপন সূচকসমূহের এ পর্যন্ত কোন অগ্রগতি না থাকায় সূচকসমূহ চ্যালেঞ্জিং হিসেবে গণ্য করা হয়। এ চ্যালেঞ্জিং সূচকসমূহের অগ্রগতি আগামী সভায় বিশেষ গুরত্বের সাথে পর্যালোচনার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৫। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়। যুগ্মসচিব (প্রশাসন-২) জানান যে, প্রকল্পের PSC ও PIC সভা নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সভাপতি প্রকল্পের PSC ও PIC সভা নিয়মিতভাবে আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরো বলেন যে, প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্প সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ২ মাসের মধ্যে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	কৈলাশটিলা-২ কূপ খনন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/এসজিএফএল/বাপেক্স
৩.২	৩-ডি সিসমিক জরিপ কার্যক্রম দ্রুততম সময়ে শুরু করতে হবে এবং নির্ধারিত সময়ে এ কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে বিশেষ নজর দিতে হবে।	পেট্রোবাংলা/এসজিএফএল
৩.৩	শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খননের সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স
৩.৪	কঠিন শিলা বিপণনের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিশেষ উদ্যোগ ও ক্লোজ মনিটরিং করতে হবে।	পেট্রোবাংলা/এমজিএমসিএল
৩.৫	ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইন নির্মাণ কার্যক্রমের অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	বিপিসি/এমপিএল
৩.৬	ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের অগ্রগতি আগামী সভার পূর্বে প্রতিবেদন আকারে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/বিজিএফসিএল
৩.৭	প্রকল্পের PSC ও PIC সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৮	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্প সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ২ মাসের মধ্যে হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৯	২.৩ অনুচ্ছেদে আলোচনা অংশে বর্ণিত চ্যালেঞ্জিং সূচকসমূহের হালনাগাদ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৫০২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব